গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ী, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং- ৯০২০

তারিখ: ১৯/১০/২০২৫খ্রি.

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর----অঞ্চল (সকল)।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর---------জেলা (সকল)।

পত্রের মর্মানুযায়ী আপনি এবং আপনার অধিনস্থ জেলা, উপজেলা কৃষি অফিস পর্যায়ে প্রেরণ এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

পরিচালক
সরেজমিন উইং
ফোনঃ ৫৫০২৮৪০৩

অনুলিপিঃ জ্ঞাতার্থে-
১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। অফিস নথি।

Office of the Director General, DAE
□ Director A&FW □ Director PQW
□ Director FSW □ Director PPIICT
□ Director CW □ PA/PS to DG
□ Director HW □ Others
□ Director PPW □ Attention
Issue No. Sign Date

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

# Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: dg@brri.gov.bd; brrihq@yahoo.com; Website: www.brri.gov.bd; www.knowledgebank-brri.org

বুলেটিন নং-আমন/২৫-০০৬ তারিখঃ ১৪/১০/২০২৫

## আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ অক্টোবর, ২০২৫)

**কাইচ থোড় (Panicle Initiation) ও থোড় (Booting) পর্যায়ে করণীয়:**

- এ পর্যায়ে জমিতে প্রায় ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখা প্রয়োজন, কারণ এ সময়ে শিষ গঠনের প্রক্রিয়া শুরু হয় এবং সামান্য পানির ঘাটতিতে ফলনে বড় ধরনের প্রভাব ফেলে। যদি প্রয়োজনীয় বৃষ্টিপাত না হয় তবে সম্পূরক সেচ দিতে হবে।
- ধান গাছের এ পর্যায়ে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা এবং বাদামী গাছফড়িং এর আক্রমণ হতে পারে।
    - ✓ মাজরা পোকা: জমিতে যদি ১০%, মরা ডিগ অথবা প্রতি স্কয়ার মিটারে ২-৩টি স্ত্রী মথ দেখা যায় তাহলে অনুমোদিত কীটনাশক যেমন- বেল্ট এক্সপার্ট ৪৮ এসসি (ফ্লুবেনডিয়ামাইড+থায়াক্লোপ্রিড) প্রতি ১০ লিটার পানিতে ৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। আক্রমণের মাত্রা বেশী হলে ১০-১৪ দিন পর দ্বিতীয়বার জমিতে প্রয়োগ করতে হবে।
    - ✓ পাতা মোড়ানো পোকা: জমিতে পাতা মোড়ানো পোকা দ্বারা ২৫% পাতা ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত কীটনাশক যেমন- সাকসেস ২.৫ এসসি (স্পিনোসাড) প্রতি ১০ লিটার পানিতে ১৫ মিলি কীটনাশক মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে।
    - ✓ বাদামী গাছ ফড়িং: নিয়মিত জমিতে ধান গাছের গোড়া পর্যবেক্ষণের মাধ্যমে বাদামী গাছ ফড়িং এর উপস্থিতি লক্ষ্য করা গেলে জমি থেকে দাঁড়ানো পানি কয়েকদিনের জন্য বের করে দিতে হবে। প্রতি হিলে ২-৩টি স্ত্রী পোকা অথবা ১০টি নিম্ফ দেখা গেলে অনুমোদিত কীটনাশক যেমন-ফুল স্টপ ৮০ ডব্লিউডিজি অথবা পাইরাজিন ৭০ ডব্লিউডিজি (পাইমেট্রোজিন ৬০%+নাইটেনপাইরাম ২০%) প্রতি ১০ লিটার পানিতে ৫ গ্রাম ওষুধ মিশিয়ে ৫ শতাংশ জমিতে গাছের গোড়ায় স্প্রে করতে হবে।

- ধান গাছের এ পর্যায়ে অনেক জায়গায় খোলপোড়া রোগের ব্যাপকতা দেখা যাচ্ছে। কোন কোন জায়গায় পাতাব্লাস্ট এবং বাকানি রোগের লক্ষণ প্রকাশ পেতে পারে।
    - ✓ খোলপোড়া রোগ সীমিত মাত্রায় হলে ছত্রাক নাশক প্রয়োগের প্রয়োজন নেই। জমি শুকিয়ে দিয়ে বিঘা প্রতি ৫কেজি অতিরিক্ত পটাশ সার প্রয়োগ করতে হবে। রোগের মাত্রা যদি বেশি হয় তাহলে এমিস্টার টপ/ফলিকুর/টিল্ট অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।
    - ✓ ধানে পাতাব্লাস্ট রোগ দেখা দিলে রোগ দেখা দেওয়ার পর বিকাল বেলা ট্রুপার (৮ গ্রাম/১০লি পানি) অথবা নেটিভো (৬ গ্রাম/১০লি পানি) ৫ শতাংশ জমিতে ভালোভাবে স্প্রে করতে হবে। স্পষ্টভাবে বাকানি রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত কুশি গুলো ভেঙে দিতে হবে।

**তৈরি ও প্রচারে:** ব্রি এগ্রোমেট ল্যাব

**যোগাযোগ করুন:** উপজেলা কৃষি অফিস / উপসহকারী কৃষি কর্মকর্তা

**ব্রি হেল্পলাইন:** ০৯৬৪৪৩০০৩০০

পরিচালক, সরেজমিন উইং, ডিএই'র দপ্তর
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও কো-অর্ডি/মনিটরিং ও বাস্তবায়ন/উপকরণ) অতীব জরুরী
উপপরিচালক (সম্প্রসারণ/কো-অর্ডিনেশন/মনিটরিং/সার ব্যবস্থাপনা/বাস্তবায়ন/বীজ ও অন্যান্য উপকরণ) জরুরী
অতিরিক্ত উপপরিচালক (উপকরণ/ কন্ট্রোল রুম) আলাপ
প্রশাসন শাখা/পি এ টু পরিচালক
অন্যান্য

Subject আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ অক্টোবর, ২০২৫)

From Information BRRI Agromet <info.brriagromet@gmail.com>

To dg@dae.gov.bd <dg@dae.gov.bd>

Cc
dfsw@dae.gov.bd <dfsw@dae.gov.bd>, dcw@dae.gov.bd <dcw@dae.gov.bd>, controlroomdae@yahoo.com <controlroomdae@yahoo.com>, dg@brri.gov.bd <dg@brri.gov.bd>, abmz hossain <abmz_hossain@yahoo.com>, raihanul@rimes.int <raihanul@rimes.int>, ec@barc.gov.bd <ec@barc.gov.bd>, momenulislam799@hotmail.com <momenulislam799@hotmail.com>, smquamrul77@yahoo.com <smquamrul77@yahoo.com>, bazlur rashid76 <bazlur.rashid76@gmail.com>, udoyraihan@gmail.com <udoyraihan@gmail.com>, dg@bwdb.gov.bd <dg@bwdb.gov.bd>, info@bmd.gov.bd <info@bmd.gov.bd>, pstosec@moa.gov.bd <pstosec@moa.gov.bd>, directorresearchbrri@yahoo.com <directorresearchbrri@yahoo.com>, mabs grsbrri <mabs.grsbrri@gmail.com>, zamanmk64@yahoo.co.uk <zamanmk64@yahoo.co.uk>, sabrina@rimes.int <sabrina@rimes.int>, urmeeahsan@gmail.com <urmeeahsan@gmail.com>, mihossain2@yahoo.com <mihossain2@yahoo.com>, head stat <head.stat@brri.gov.bd>, rafiqbrri@yahoo.com <rafiqbrri@yahoo.com>

Date Tuesday October 14, 2025 3:42:16 PM

মহোদয়,
আসসালামু আলাইকুম।
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) হতে ২০২৫ আমন মৌসুমে **আমন ধান চাষাবাদে করণীয় (১৪-২০ অক্টোবর, ২০২৫)** সম্পর্কে একটি বুলেটিন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদ।
যোগাযোগের প্রয়োজনে-
ব্রি এগ্রোমেট ল্যাব, গাজীপুর

Attachments
Aman25_006.pdf (4.11 MB)
Aman25_006_page-0001 (2).jpg (2.39 MB)